গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট
সমাজকল্যাণ মন্ত্রণালয়।

# ২১ মার্চ ৭ম জাতীয় ও ১৫তম বিশ্ব ডাউন সিনড্রোম দিবস-২০২০

## প্রতিপাদ্যঃ “সকল কাজে অংশ নিব, আমাদের সিদ্ধান্ত আমরাই দিব।”

প্রতিবন্ধীবান্ধব সরকারের মাননীয় প্রধানমন্ত্রী এ দিবসের বাণীতে সকল ডাউন সিনড্রোম বৈশিষ্ট্যসম্পন্ন শিশু/ব্যক্তি, তাদের মাতা-পিতা ও অভিভাবকগণ এবং তাদের উন্নয়নে নিয়োজিত ব্যক্তি/সংগঠন’কে আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়েছেন।

ডাউন সিনড্রোম একটি ক্রোমোজোমাল ডিসঅর্ডার। প্রতিটি শিশু, মা এবং বাবা থেকে ২৩ জোড়া ক্রোমোজোমের মাধ্যমে বংশানুক্রমিক বৈশিষ্ট্য নিয়ে জন্মগ্রহণ করে। কোন কারণে ২১তম জোড়ায় একটি অতিরিক্ত ক্রোমোজোমের উপস্থিতি ঘটলে তখন যে ভিন্নতা সৃষ্টি হয় তাকে ডাউন সিনড্রোম বলে। এর কারণে বিশেষ কিছু শারীরিক বৈশিষ্ট্য এবং মৃদু থেকে গুরুতরমাত্রার বুদ্ধিপ্রতিবন্ধিতা প্রকাশ পায়। এ ধরণের প্রতিবন্ধিতার কিছু লক্ষণ নিম্নরূপঃ

- শারীরিক গঠন খাটো;
- দুর্বল পেশীক্ষমতা;
- মঙ্গোলয়েড মুখাকৃতি অর্থাৎ তির্যক চোখ, চ্যাপ্টা নাক, মোটা জিহবা;
- হাতের তালুতে একটি গভীর দাগ থাকে;
- পায়ের বৃদ্ধাঙ্গুল অন্যান্য আঙ্গুল থেকে ছড়ানো থাকে;
- এরা বন্ধুবৎসল হয়।

জাতীয় ও বিশ্ব ডাউন সিনড্রোম দিবসে সকল ডাউন সিনড্রোম শিশু ও ব্যক্তির উন্নত জীবন কামনা করছি।

২১/৩/২০২০
(ড. মোঃ আনোয়ার উল্ল্যাহ এফসিএমএ)
ব্যবস্থাপনা পরিচালক (যুগ্ম সচিব)
নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট